বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
সরেজমিন বিভাগ
সেচ শাখা
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নম্বর- ৪৭.৬২.০০০০.৫০৯.২২.০৯৯.২৩.৩৪৩৪ তারিখ: ১৮/০৪/২০২৪ খ্রি.

**বিষয়: ২০২৪-২০২৫ অর্থবছরের ইউসিসিএ লি.'র নিজস্ব তহবিল ঋণ এবং সোনালী ব্যাংক ঋণ (স্বল্প মেয়াদি শস্য) বিতরণের লক্ষ্যমাত্রা প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ অর্থবছরে ইউসিসিএ লি.'র নিজস্ব তহবিল ঋণ এবং সোনালী ব্যাংক ঋণ (স্বল্প মেয়াদি শস্য) বিতরণের লক্ষ্যমাত্রা নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নির্ধারণ করে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো:

**শর্তাবলী:**

১। প্রত্যেক ইউসিসিএ লি.'কে তার নিজস্ব তহবিল থেকে ঋণ বিতরণের প্রয়োজনীয় লক্ষ্যমাত্রা নির্ধারণের পর সোনালী ব্যাংক ঋণ (স্বল্প মেয়াদি শস্য) থেকে যদি চাহিদা থাকে তবে অবশিষ্ট ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।

২। নিজস্ব তহবিল থেকে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণের ক্ষেত্রে ইউসিসিএ লি.'র মোট শেয়ার-সঞ্চয়ের (মউ ব্যতীত) পরিমাণের নূন্যতম ৫০% থেকে সর্বোচ্চ ৭৫% পর্যন্ত ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে।

৩। সোনালী ব্যাংক ঋণ (স্বল্প মেয়াদি শস্য) হতে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণের ক্ষেত্রে সদর দপ্তরের পত্র নং- ৪৭.৬২.০০০০.৫০২.০০.১৪৩.১৫.৭৬৯৪, তারিখ: ২২/০৮/২০২১ খ্রি. অনুসরণ করতে হবে **(সংযুক্তি- ০১)**।

৪। প্রস্তাবিত ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা বর্তমান অর্থবছরের ঋণ বিতরণের অগ্রগতির সাথে অবশ্যই সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

এমতাবস্থায়, উপর্যুক্ত নির্দেশনা মোতাবেক ২০২৪-২০২৫ অর্থবছরে সোনালী ব্যাংক ঋণ (স্বল্প মেয়াদি শস্য) এবং ইউসিসিএ লি.'র নিজস্ব তহবিল ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক সংযুক্ত **'ছক'** অনুযায়ী **আগামী ৩০/০৪/২০২৪ খ্রি. তারিখের মধ্যে** সেচ শাখায় হার্ড কপি প্রেরণের জন্য এবং দাপ্তরিক ওয়েব-মেইল: ddirrigation@brdb.gov.bd এ সফট কপি ই-মেইল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ।**

১৮/০৪/২৪
মোহাম্মদ আতিকুর রহমান
উপপরিচালক (সেচ)
ফোন: ০২-৪১০১০৩৩৯

উপপরিচালক
বিআরডিবি, .................. জেলা (সকল)।

স্মারক নম্বর- ৪৭.৬২.০০০০.৫০৯.২২.০৯৯.২৩.৩৪৩৪ তারিখ: ১৮/০৪/২০২৪ খ্রি.

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। যুগ্মপরিচালক (সিসিএম), বিআরডিবি, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১। উপপরিচালক (ঋণ), বিআরডিবি, ঢাকা (সদয় অবগতির জন্য)।
২। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। সভাপতি, ইউসিসিএ লিঃ, .................. (সকল)।
৫। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ..................... (সকল)।
৬। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৮/০৪/২০২৪
মোঃ নূরুজ্জামান রাজন
সহকারী পরিচালক (এলএলপি)

-৬৭৩-

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫, কাওরান বাজার, ঢাকা।
brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৫০২.০০.১৪৩.১৫, ৭৬৭৪ তারিখ: ২২ আগষ্ট ২০২১ খ্রিষ্টাব্দ।

বিষয়: সোনালী ব্যাংকের অর্থায়নে ইউসিসিএ লিমিটেড এর ঋণ বিতরণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বর্তমানে দেশের বিভিন্ন ইউসিসিএ কর্তৃক সোনালী ব্যাংক এর অর্থায়নে প্রাথমিক সমবায় সমিতিতে ঋণ প্রদান করা হচ্ছে। উল্লেখ্য যে, দেশের অধিকাংশ ইউসিসিএ'র শেয়ার, সঞ্চয় ও অন্যান্য তহবিল হতে ঋণ বিনিয়োগ করার পর্যাপ্ত তহবিল আছে। কিন্তু একই ইউসিসিএ'র পর্যাপ্ত তহবিল থাকা সত্ত্বেও 'নিজস্ব তহবিল' হতে কোন ঋণ বিতরণ করা হচ্ছে না। ইউসিসিএ লি. এর নিজস্ব তহবিলের ১১% সেবামূল্যে ঋণ বিতরণ না করে সোনালী ব্যাংক হতে ১৫ বা ১৬% সুদ/সেবামূল্য ঋণ বিতরণ করায় সমবায় সমিতির সদস্যগণ উচ্চ হারে ঋণ গ্রহণ করছেন। ফলে সমবায়ীগণ অধিক সুদ/সেবামূল্য প্রদান করছেন। এতে একদিকে ইউসিসিএসমূহ সাবলম্বী হতে পারছে না অন্যদিকে সমবায়ীগণের দারিদ্র্য বিমোচন হচ্ছে না। এছাড়া ইউসসিএ'র অর্থ স্থায়ী আমানতে বিনিয়োগ করে সর্বোচ্চ ৫ বা ৬% মুনাফা পাওয়া যায়, কিন্তু ঋণ খাতে বিনিয়োগ করলে সর্বনিম্ন ১১% সুদ আদায় করা সম্ভব, কিস্তিতে আদায় করলে সমবায়ীদের অধিকতর ঋণ সহয়তা প্রদান করা সম্ভব।

এমতাবস্থায়, ইউসিসিএ'র 'মূল কর্মসূচির নিজস্ব তহবিল' হতে সর্বোচ্চ পরিমাণ ঋণ বিরতণ করে পরবর্তী চাহিদা সোনালী ব্যাংক হতে পূরণ করার জন্য অনুরোধ করা হলো।

22/8/21
আবদুর রশিদ
যুগ্মসচিব
পরিচালক (সরেজমিন)
ফোনঃ ৮১৮০০০৬

উপপরিচালক
জেলা দপ্তর (সকল)

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৫০২.০০.১৪৩.১৫.৭৬৮৭৪ তারিখ: ২২ আগষ্ট ২০২১ খ্রিষ্টাব্দ।
অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল :
১। পরিচালক (সকল) বিআরডিবি, ঢাকা/সিলেট।
২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল)।
৫। সভাপতি, ইউসিসিএ লি. (সকল)।
৬। অফিস নথি।

22/8/21
সুকুমার চন্দ্র দাস
যুগ্মপরিচালক (সিসিএম)
বিআরডিবি, ঢাকা।

Sonali

"ছক"

# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

## ২০২৪-২০২৫ অর্থবছরে মূল কর্মসূচির ঋণ বিতরণের স্বনির্ধারিত লক্ষ্যমাত্রা

জেলার নামঃ

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | উপজেলার নাম | ইউসিসিএ লি.'র পরিদর্শকের সংখ্যা | ইউসিসিএ লি.'র নিজস্ব তহবিল | | | | সোনালী ব্যাংক ঋণ (স্বল্প মেয়াদি শস্য) | | | | | | ২০২৪-২৫ অর্থবছরে সর্বমোট লক্ষ্যমাত্রা (৭+১৩) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ঋণ গ্রহণেযোগ্য সমিতি | ঋণ গ্রহণেযোগ্য সদস্য | মোট শেয়ার-সঞ্চয়ের পরিমাণ (মউ ব্যতীত) | ২০২৪-২৫ অর্থবছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা | ঋণ গ্রহণেযোগ্য সমিতি | ঋণ গ্রহণেযোগ্য সদস্য | ২০২৪-২৫ অর্থবছরে বিতরণের লক্ষ্যমাত্রা | | | | | |
| | | | | | | | | | রোপা আমন | রবি ফসল | গ্রীষ্ম কালীন ফসল | মোট (১০+১১+১২) | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ১ | | | | | | | | | | | | | | |
| ২ | | | | | | | | | | | | | | |
| ৩ | | | | | | | | | | | | | | |
| ৪ | | | | | | | | | | | | | | |
| ৫ | | | | | | | | | | | | | | |
| ৬ | | | | | | | | | | | | | | |
| ৭ | | | | | | | | | | | | | | |
| ৮ | | | | | | | | | | | | | | |
| ৯ | | | | | | | | | | | | | | |
| ১০ | | | | | | | | | | | | | | |
| ১১ | | | | | | | | | | | | | | |
| ১২ | | | | | | | | | | | | | | |
| | জেলার মোট= | | | | | | | | | | | | | |

* ইউসিসিএ প্রতি নিজস্ব তহবিল হতে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারনের ক্ষেত্রে ইউসিসিএ'র মোট শেয়ার-সঞ্চয়ের পরিমাণ (মউ ব্যতীত) এর নূন্যতম ৫০% থেকে সর্বোচ্চ ৭৫% পর্যন্ত লক্ষ্যমাত্রা নির্ধারন করতে হবে।
* প্রস্তাবিত ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা বর্তমান অর্থবছরের ঋণ বিতরণের অগ্রগতির সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

২৮/০৪/২০২৪
মোঃ নুরুজ্জামান রাজন
সহকারী পরিচালক (এলএলপি)
বিআরডিবি, ঢাকা।

২৮/০৪/২৪
মোহাম্মদ আতিকুর রহমান
উপপরিচালক (সেচ)
বিআরডিবি, ঢাকা।